# জেইউ সিএসই এ্যালামনাই এসোসিয়েশন

## কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা-১৩৪২।

Phone: +8801718067924, +8801710862768, +8801927129603 Email: jucsealumni@juniv.edu

তারিখঃ ১৬-০২-২০১৯

## বার্ষিক কার্যবিবরণী ২০১৮

প্রিয় সুধী,

আসসালামুআলাইকুম।

আমি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২০১৮-২০১৯ ইং সালের কার্যকরী নির্বাহী কমিটির সাধারন সম্পাদক হিসেবে, এ অ্যাসোসিয়েশনের উল্লেখিত মেয়াদের সভাপতি ও সহ-সভাপতিগনের অনুমতি সাপেক্ষে এ কমিটির ২০১৮ ইং সালের কার্যবিবরণী পেশ করছি। তার সাথে এ অ্যাসোসিয়েশনের আনুষ্ঠানিক যাত্রার পূর্বের কিছু কার্যক্রম তুলে ধরাটাও অতীব জরুরি বলে আমি মনে করছি।

১। ২০১৭ ইং সালের ৮ ই এপ্রিল, ঢাকাস্থ স্টার কাবাব রেস্টুরেন্টে অত্র বিভাগের আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামের ১ম থেকে ২১ তম ব্যাচের বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আনুষ্ঠানিক যাত্রা শুরু। উক্ত অনুষ্ঠানে ২য় ব্যাচের ছাত্র মোঃ আরিফুর রহমান খান কে আহ্বায়ক, আমাকে এবং ৭ম ব্যাচের নাজমুল মমিন (জুয়েন) কে সদস্য সচিব করে প্রতিটি ব্যাচের এক বা একাধিক প্রতিনিধি নিয়ে আহবায়ক কমিটি গঠন করা হয়। এ কমিটি ২০১৮ সালের ২৪ মার্চ, অত্র বিভাগে আয়োজিত বিভাগের রজত জয়ন্তী এবং ছাত্রছাত্রীদের পুনর্মিলনী সম্মেলনের দিন এক আড়ম্বরপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আনুষ্ঠানিক যাত্রার পূর্ব পর্যন্ত কাজ করে। অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আনুষ্ঠানিক যাত্রার পূর্বে তৎকালীন আহবায়ক কমিটি অ্যাসোসিয়েশনের জন্য কন্সটিটিউশন গঠনের লক্ষ্যে একটি কমিটি গঠন করে। উক্ত কমিটি এ কন্সটিটিউশনের খসড়া প্রনয়ন করে। রেজিস্টার্ড অ্যালামনাইদের উপস্থিতিতে রজত জয়ন্তী উৎসবের দিনে অনুষ্ঠিত অ্যালামনাই কাউন্সিলে সেই কন্সটিটিউশন অনুমোদন লাভ করে।

২। কমিটির উদ্যোগে বিভাগের ১৭ তম ব্যাচের ছাত্র মোঃ মাহেরাজ উদ্দিন সহ কয়েকজন ছাত্রের ব্যবসায়িক সংগঠন এফওসোসাইটি'র মাধ্যমে নিজস্ব ওয়েব সাইট এবং ইনফরমেশন সিস্টেম ডেভেলপ করা হয়। ঢাকার একটি রেস্টুরেন্টে বিভাগের বর্তমান সভাপতি প্রফেসর মোঃ ইমদাদুল ইসলাম এবং প্রাক্তন সভাপতি প্রফেসর যুগল কৃষ্ণ দাসের উপস্থিতিতে এই ওয়েব সাইট এবং ইনফরমেশন সিস্টেম-এর উদ্বোধন করা হয়। উল্লেখ্য যে, এফওসোসাইটিকে ওয়েব সাইট তৈরি এবং ইনফরমেশন সিস্টেম ডেভেলপের জন্য আমরা নামমাত্র সম্মানি দিয়েছি। আমাদের এ্যাসোসিয়েশন তাদের এই অসামান্য অবদানকে সারাজীবন মনে রাখবে।

৩। আহবায়ক কমিটি, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের রেজিস্ট্রেশন, ডোনেশন সহ সকল ধরনের কাজের ডিজিটাল লেনদেনের জন্য SSL Commerce এর সাথে এর কার্যালয়ে একটি চুক্তি স্বাক্ষর করে। SSL Commerce এর উক্ত পেমেন্ট সিস্টেম আমাদের ইনফরমেশন সিস্টেমের সাথে পরবর্তীতে ইন্টিগ্রেট করা হয়।

৪। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২০১৮-২০১৯ ইং সালের কার্যকরী নির্বাহী কমিটি শুরুতেই এই সংগঠনটিকে আর্থিকভাবে সচ্ছল করার উপর গুরুত্ব আরোপ করে যাতে ভবিষ্যতে এই বিভাগের প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীকে বিভিন্নভাবে সহায়তা প্রদান করতে পারে। এই উদ্দেশ্যে এফওসোসাইটি'র

মাধ্যমে ডেভেলপ করা ইনফরমেশন সিস্টেম বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কাছে বিক্রির জন্য এফওসোসাইটি'র সাথে একটি ব্যবসায়ীক চুক্তিও সম্পাদন করে।

৫। এসোসিয়েশন- এর আনুষ্ঠানিক যাত্রার পর পরই বিভাগের শিক্ষক প্রফেসর মোজাম্মেল হোসেনের চিকিৎসার সাহায্যার্থে একটি চিকিৎসা তহবিল গঠন করে। এ তহবিলে মোট ৩,৬৫,৩৩৫.০০ (তিন লাখ পঁয়ষট্টি হাজার তিন শত পঁয়ত্রিশ) টাকা সংগৃহীত হয় এবং পরবর্তীতে তাঁকে সমুদয় টাকা প্রদান করা হয়।

৬। ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন, বাংলাদেশ (IEB) – এর স্বীকৃতি না থাকার কারনে অত্র বিভাগের ছাত্র ছাত্রীরা সরকারি-বেসরকারি বিভিন্ন কর্মস্থলে বিভিন্নভাবে হয়রানির শিকার হচ্ছে এবং নানান সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। বিষয়টি বিবেচনায় নিয়ে অ্যাসোসিয়েশনের বর্তমান কার্যনির্বাহী কমিটি বিভাগের শিক্ষকদের কাছে আইইবি'র আক্রেডিটেশন পাওয়ার তাগিদ পেশ করে। অ্যাসোসিয়েশনের সহযোগিতায় বিভাগ ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন শুরু করেছে। ইনশাআল্লাহ্‌, আমরা কয়েক মাসের মধ্যেই IEB'র এক্রেডিটেশন পাব বলে আশা করছি।

৭। নিজেদের মধ্যে আত্মিক বন্ধন এবং সামাজিক সম্প্রীতি বৃদ্ধির লক্ষ্যে আমরা বিভিন্ন সময় গেট টুগেদার, ইফতার পার্টি, ইত্যাদি অনুস্টানের আয়োজন করেছি। উল্যেখ্য, আজকের এ বার্ষিক সাধারন সভার সাথে আয়োজিত ফ্যামিলি আউটিং প্রোগ্রামও এরকম উদ্যোগের একটি অংশ।

৮। অ্যালামনাই অ্যাসোসিয়েশনের স্থায়ী সম্পদ গড়ার লক্ষ্যে সম্প্রতি আমরা কাজ শুরু করেছি এবং একজন অবৈতনিক অভিজ্ঞ পরামর্শকের সহযোগিতাও নিচ্ছি। আজকের এ সভায় এ বিষয়টি নিয়ে আলোচনা করা হবে।

জেইউ সিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশন একটি নতুন সংগঠন। সংগঠনের কমিটির সদস্য হিসেবে আমরাও অনভিজ্ঞ এবং নতুন। অ্যাসোসিয়েশনের আনুষ্ঠানিক যাত্রার পর থেকে চলমান কমিটির কোন উদ্যোগ কিংবা কার্যকলাপে কোন ভুল ভ্রান্তি থেকে থাকলে তা সকলকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানাচ্ছি। সাথে এ সংগঠনটিকে সামনের দিকে এগিয়ে নেয়ার জন্য সকলকে উদাত্ত আহ্বান জানাচ্ছি।

পরিশেষে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে শেষ করছি। ধন্যবাদ সবাইকে।

ড. আবু সাঈদ মো: মোস্তাফিজুর রহমান
সাধারণ সম্পাদক
CSEJU Alumni Association

# জেইউ সিএসই এ্যালামনাই এসোসিয়েশন

**কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ**
**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**
**সাভার, ঢাকা-১৩৪২।**

Phone: +8801718067924, +8801710862768, +8801927129603 Email: jucsealumni@juniv.edu

## বার্ষিক আয় ব্যয়ের হিসাব ২০১৮

**আয়ের খাত**

| Purpose | | Credit |
|---|---|---|
| Member Registration | | 291,100.25 |
| Silver Jubilee & Reunion | Registration | 207,000.00 |
| | Ad Collection | 380,000.00 |
| | Total | 587,000.00 |
| Alumni Iftar Party 2018 | | 31,788.75 |
| AGM 2019 | | 75,500.00 |
| Donation for Mozammel Sir | | 365,335.00 |
| Manual Member Registration | | 10,500.00 |
| Advanced Registration | | 126,000.00 |
| | **Total Credit:** | **1,487,224.00** |

**ব্যয়ের খাত**

| Date | Purpose | Debit |
|---|---|---|
| 19.03.2018, 03.04.2018 & 03.06.2018 | Silver Jubilee & Reunion | 5,87,000.00 |
| 20.05.2018 | Donation for Mozammel Sir | 3,65,335.00 |
| 11.06.2018 | Alumni Iftar Party 2018 | 38,500.00 |
| 22.07.2018 | Server Cost and Development benefit | 70,000.00 |
| 29.09.2018 | Committee meeting refreshment | 7,600.00 |
| 02.10.2018 | Payment of Domain purchase | 5,300.00 |
| 28.11.2018 | Committee meeting refreshment | 6,572.00 |
| 21.01.2018 | Domain Renewal Fee | 20,400.00 |
| 12.02.2019 and 14.02.2019 | AGM 2019 Advanced | 1,50,000.00 |
| | Bank Charge | 1,741.00 |
| | **Total Debit:** | **12,52,448.00** |

**Balance up to 14.02.2019: 234,776.00**

Professor Md. Abul Kalam Azad
Treasurer
JUCSE Alumni Association

Dr. ASM Mostafizur Rahaman
General Secretary
JUCSE Alumni Association